(২৬)

তারিখ ... ২৯।৫।৮৩
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ১

ইত্তেফাক

# উচ্চ মাধ্যমিক পরীক্ষা শুরু

( ইত্তেফাক রিপোর্ট )

গতকাল (বৃহস্পতিবার) সারাদেশের ৪টি শিক্ষা বোর্ডের অধীনে এইচ, এস সি পরীক্ষা শুরু হইয়াছে। দেশের বিভিন্ন স্থান হইতে প্রাপ্ত খবরে জানা গিয়াছে যে, সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশে প্রথম দিনের পরীক্ষা অনুষ্ঠিত হয়। গতকাল ঢাকা নগরীর ৩টি পরীক্ষা কেন্দ্র হইতে ১০ জন ছাত্রকে পরীক্ষায় অসদুপায় অবলম্বনের অভিযোগে বহিষ্কার করা হয়। দেশের বিভিন্ন পরীক্ষা কেন্দ্র হইতেও বহিষ্কারের খবর আসিয়াছে। শিক্ষামন্ত্রী জনাব আবদুল মজিদ গতকাল নরসিংদী,

(৮ম পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## উচ্চ মাধ্যমিক পরীক্ষা শুরু

( ১ম পৃঃ পর )

সরকারী কলেজ, শহীদ আসাদ কলেজ ও ঢাকার ইডেন কলেজ পরীক্ষা কেন্দ্র আকস্মিকভাবে পরিদর্শন করেন। এ বৎসর এইচ এসসি পরীক্ষায় চারটি বোর্ডের অধীনে মোট ৫২ হাজার ১ শত ৩১ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করিয়াছে। পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে ঢাকার সোহরাওয়ার্দী কলেজ কেন্দ্র হইতে ৬ জন, শেখ বোরহান উদ্দীন কলেজ কেন্দ্র হইতে ৩ জন ও তেজগাঁও কলেজ কেন্দ্র হইতে ১ জন ছাত্রকে বহিষ্কার করা হইয়াছে।

ঢাকা বোর্ডের চেয়ারম্যান জানান, গতকাল প্রথম দিনে বাংলা পরীক্ষা সুষ্ঠুভাবে সমাপ্ত হয়। কোন কেন্দ্র হইতে কোন ধরনের অপ্রীতিকর ঘটনার খবর পাওয়া যায় নাই। ঢাকায় ২০টি পরীক্ষা কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হইতেছে।

# দাখেল পরীক্ষার দ্বিতীয় দিনে গাজীপুর মাদ্রাসা কেন্দ্রে গোলযোগ

ঢাকার গাজীপুর হইতে আমাদের সংবাদদাতা জানান: মাদ্রাসা শিক্ষা বোর্ডের দাখেল পরীক্ষার দ্বিতীয়দিনে গাজীপুর দারুস সালাম মাদ্রাসা কেন্দ্রে গতকাল (বৃহস্পতিবার) দুপুরে কর্তব্যরত পুলিশের এক মন্তব্যকে কেন্দ্র করিয়া ব্যাপক হাঙ্গামার সূত্রপাত হয়। হাঙ্গামায় ৯ জন আহত হয়। পুলিশ ঘটনা নিয়ন্ত্রণের জন্য ১ রাউণ্ড ফাঁকা গুলী ছোঁড়ে।

ঘটনার বিবরণে প্রকাশ, উক্ত কেন্দ্রে পরীক্ষার প্রথমদিনে ১০ জন ও দ্বিতীয়দিন গতকাল সকালের ফেকা ও উসুলে ফেকা পরীক্ষায় অসদুপায় অবলম্বনের

(৮ম পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## দাখেল পরীক্ষার দ্বিতীয় দিনে

( ১ম পৃঃ পর )

অভিযোগে ৩ জনকে বহিষ্কার করা হইলে উপস্থিত বহিরাগতদের মধ্যে অসন্তোষ সৃষ্টি হয়। পরীক্ষার শেষ পর্যায়ে পরীক্ষার্থীদের সম্পর্কে একজন কনষ্টেবলের একটি মন্তব্যকে কেন্দ্র করিয়া হাঙ্গামার সূত্রপাত হয়। হাঙ্গামাকারীরা কেন্দ্রের ভিতরে প্রবেশ করিলে কতিপয় পরীক্ষার্থী উত্তরপত্রসহ বাহির হইয়া পড়ে। হাঙ্গামাকারীরা পরীক্ষা কর্তৃপক্ষ ও অন্যদের ধাওয়া করিয়া মারধর ও মাদ্রাসার দরজা-জানালা বেঞ্চ তছনছ করিয়া ইট-পাটকেল নিক্ষেপ করিতে থাকে।

এক পর্যায়ে পুলিশ ঘটনা আয়ত্তে আনার জন্য এক রাউণ্ড ফাঁকা গুলী ছোঁড়ে। হাঙ্গামায় ৯ জন আহত হয়। তন্মধ্যে গুরুতর আহত শিক্ষক জালাল উদ্দিন জয়দেবপুর হাসপাতালে চিকিৎসাধীন। গোলযোগের ফলে কতিপয় পরীক্ষার্থি উত্তরপত্র জমা দেয় নাই। এ উত্তেজনাকর পরিস্থিতিতে পরীক্ষার্থিগণ বিকালের পরীক্ষা দিতে অস্বীকৃতি জানাইলে স্থানীয় নেতৃবৃন্দের অনুরোধে ৫ জন পরীক্ষার্থী ছাড়া সকলেই পরীক্ষায় অংশগ্রহণ করে। এ ব্যাপারে জয়দেবপুর থানায় একটি এজাহার দেওয়া হইয়াছে। এ পর্যন্ত কেহ গ্রেপ্তার হয় নাই। উক্ত ঘটনার প্রতিবাদে মাদ্রাসার পরীক্ষার্থী ও অভিভাবকগণ শহরের রাস্তা প্রদক্ষিণ করিয়া সুষ্ঠু বিচার দাবী করে। গাজীপুর মহকুমা প্রশাসক ও মহকুমা পুলিশ অফিসার ঘটনাস্থল পরিদর্শন করেন।

022